

বিশ্বজনীন দৃষ্টিভঙ্গির

গৌরবময় ১৯ বছর

মেধা অন্বেষণের উর্বর ভূমি

# রহমতে আলম মিশন (উঃমাঃ)

ইসলামিক ভাবাদর্শে একটি উচ্চমানের আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান

(বালক ও বালিকা বিভাগ)

পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত









ESTD. 2005

রহমতে আলম মিশন

RAHMAT-E-ALAM MISSION





# সম্পাদকীয়

আস্‌সালামু আলাইকুম,

সমস্ত প্রশংসা পরম করুনাময় মহান আল্লাহ পাকের যিনি আমাদের সৃষ্টি করেছেন। অতঃপর বিশ্ব নবী হজরত মোহাম্মদ (সঃ) প্রতি শান্তি ও রহমত বর্ষিত হোক যিনি বিশ্ব জাহানের রহমত হিসাবে প্রেরিত হয়েছিলেন।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন মনোরম শিক্ষাবান্ধব পরিবেশে দুটি পৃথক ক্যাম্পাসে আবাসিক ছাত্রছাত্রীরা ইসলামিক আদব-কায়দা ও মূল্যবোধের সঙ্গে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পড়াশোনা করছে। মাধ্যমিকও উচ্চমাধ্যমিকেও বিগত বছরগুলির ন্যায় এবারও আমাদের শিক্ষা প্রতিষ্ঠান নজরকাড়া সাফল্য পেয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষাদপ্তর ও পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ রহমতে আলম মিশনের বালক ও বালিকা বিভাগকে (পঞ্চম থেকে অষ্টম শ্রেণি) দিয়েছে সহায়তাহীন শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি। সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু বিষয়ক দপ্তরও দিয়েছে শর্তাধীন মাইনোরিটি স্ট্যাটাস সার্টিফিকেট।

ক্যাম্পাসের ভিতরেই রয়েছে কোলকাতার স্বনামধন্য ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর তত্বাবধানে জয়েন্ট এন্ট্রান্স কোচিং (মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং) সেন্টার 'রাহাত'। সঙ্গে রয়েছে আধুনিক সরঞ্জামে সু-সজ্জিত ফিজিক্স,কেমেষ্ট্রি ও বায়োলজির ল্যাবরেটরি।

ইতিমধ্যে ২০০জনের অধিক ছাত্রছাত্রী দেশ ও বিদেশের বিভিন্ন মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে উত্তীর্ণ ও পাঠরত। দেশে ও বিদেশে অনেক ছাত্রছাত্রী গবেষণারত। আবাব ছাত্রছাত্রীদের মধ্যে অনেকে শিক্ষকতার পেশায় নিযুক্ত হয়েছে। অনেকেই বিভিন্ন মর্যাদাসম্পন্ন পেশায় পেশাদার হিসাবে কর্মরত।

ক্যাম্পাসের মধ্যে নির্মিত হয়েছে জেলার অন্যতম সুবৃহৎ লাইব্রেরি আলহাজ্ব তোয়াক্কেল হোসেন স্মৃতি পাঠাগার। রয়েছে হাফেজ-ক্বারি মাওলানা সাহেবদের তত্বাবধানে আবাসিক শিক্ষার্থীদের নিয়ে হেফজ ও দ্বীনিয়াত বিভাগ।

অভিভাবকগণ ও শিক্ষানুরাগীদের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণে আমরা মিশনের ছত্রছায়ায় মুসলিম ছাত্রছাত্রীদের জন্যে সি.বি.এস.ই. পাঠক্রম অনুসারে একটি সম্পূর্ণ ইংরাজী মাধ্যমের স্কুল জে. এস. ইন্টারন্যাশনাল স্কুল (অতীতে মাসুম ইংলিশ মিডিয়াম স্কুল) ২০১৭ সাল থেকে পরিচালনা করছি। এই প্রতিষ্ঠানেও দারুণ সাড়া মিলেছে। আশা করছি চলতি শিক্ষাবর্ষের মধ্যেই আমরা সি.বি.এস.ই. বোর্ডের অনুমোদন লাভ করতে সক্ষম হব।

অতিসম্প্রতি আমাদের পরিবারের পক্ষ থেকে মিশনের ছাত্রছাত্রীদের সার্বিক বিকাশের কথা মাথায় রেখে আমার মেজভাই আলিফ নূর (মুকুল) ও আমি বহু অর্থব্যয়ে আমাদের মায়ের স্মৃতিতে জেলার মধ্যে অবস্থিত কোন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৮০০ আসন বিশিষ্ট অন্যতম সুবৃহৎ সভাকক্ষ 'বেগম জাহানারা মেমোরিয়াল হল' আমরা নির্মাণ করে দিয়েছি।

অন্যদিকে জনাব মোস্তাক হোসেন সাহেবের মায়ের স্মৃতির উদ্দেশ্যে মনোরম দিলখুস বেগম স্মৃতি উদ্যান যেমন ক্যাম্পাসের শোভাবর্ধন করে চলেছে তেমন ছাত্রছাত্রীদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য বিকাশে খুবই সহায়ক ভূমিকা পালন করে চলেছে।

আমি কৃতজ্ঞ মিশনের প্রতিষ্ঠাতা সম্পাদক আমার আব্বা মরহুম আলহ্বাজ সিরাজুল ইসলামের প্রতি। তার নিরলস প্রচেষ্ঠা, শ্রম ও অত্মত্যাগে আজ এই মিশন মহিরুহ হিসাবে পরিনত হয়েছে। তার দেখানো পথ ধরেইআমাদের পথচলা শুরু। আর সেই পথে চলতে আমি পাশে পেয়েছি সুদক্ষ ম্যানেজিং কমিটির সদস্যদের, ট্রাষ্টের সদস্যদের এবং একদল অভিজ্ঞ ও উৎসর্গীকৃত শিক্ষক ও শিক্ষিকা মন্ডলী, প্রশাসনের প্রতিনিধি, জনপ্রতিনিধি, ছাত্র-ছাত্রীদের অভিভাবক-অভিভাবিকা মন্ডলি, শুভাকাঙ্খী, সংখ্যালঘু উন্নয়ণ ও বিত্ত নিগমের আধিকারিকগন সহ অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিনিধিদের সাহায্য, সহযোগিতা ও দোয়া যা মিশনের সার্বিক উন্নয়নে সমান উল্লেখযোগ্য।

**(আনিসুর রহমান)**
সম্পাদক,
**রহমতে আলম মিশন**

# রহমতে আলম মিশন (উঃমাঃ)

***ইসলামী ভাবাদর্শে একটি উচ্চমানের আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান***

**বালক ও বালিকা বিভাগ**

## স্বপ্ন ও লক্ষ্য

### স্বপ্ন ২০৩৫ (ভিশন ২০৩৫)

পশ্চিমবঙ্গের আর্থসামাজিক ও শিক্ষাগতভাবে পিছিয়েপড়াবর্গের অন্তর্গত মুসলিম ছাত্রছাত্রীদের ইসলামী পরিবেশে ইসলামী মূল্যবোধের সঙ্গে উচ্চ-গুনমানসম্পন্ন সাধারণ, আধুনিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে পরম করুণাময়ের সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে দ্রুত পরিবর্তনশীল বিশ্বে সাফল্য লাভে সক্ষম করে তুলে তাদেরকে সমাজ ও দেশের সম্পদ তথা উপযুক্ত বিশ্বনাগরিক হিসাবে বিকশিত করা - যাতে তারা পিছিয়েপড়াবর্গের সংখ্যালঘু মুসলিম সম্প্রদায় সহ জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সমগ্র বিশ্বমানবতার সেবা করতে পারে।

### লক্ষ্য (মিশন)

১। পবিত্র কোরআন ও হাদিসের আলোকে ছাত্রছাত্রীদেরকে আলোকিত করা যাতে তারা স্রষ্টার প্রতি পূর্ণ কৃতজ্ঞতা প্রকাশ করে জীবনযাপন করতে পারে।

২। অতি উত্তমরূপে 'তরবিয়াৎ' (শিষ্টাচার) ও 'তালিম' (শিক্ষা) প্রদান করা।

৩। ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষাগত ও আধ্যাত্মিকভাবে তাদের ভিতরের পূর্ণ সম্ভাবনার বিকাশ ঘটাতে তাদেরকে স্রষ্টার চিন্তায় উদ্দীপিত, মূল্যবোধ সমৃদ্ধ ও শৃঙ্খলাবদ্ধ লেখাপড়া শেখার পরিবেশ প্রদান করা যাতে তাদেরকে শিক্ষিত, বিভিন্ন বিষয় সম্পর্কে অবগত ও সৎ নাগরিক হিসাবে সমগ্র মানবতার সেবক হিসাবে তৈরি করা যায়।

৪। ছাত্রছাত্রীদেরকে এমনভাবে লালনপালন করা যাতে তারা নিয়মিত পাঠ্যক্রমের সঙ্গে সবথেকে ভালো নৈতিক আচার -আচরণ, ইসলামী দৃষ্টিভঙ্গী ও আত্ম-নিয়ন্ত্রনের সঙ্গে তাদের ব্যক্তিত্ব বিকশিত করতে পারে।

৫। দেশের ভাবনায় ছাত্রছাত্রীদের উদ্বুদ্ধ করা যাতে তারা তাদের সর্বোচ্চ সক্ষমতা দিয়ে সমাজ ও দেশের সেবার মাধ্যমে আমাদের দেশ তথা মিল্লাতের সুনাগরিক হতে পারে।

৬। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি, প্রশাসনিক বিভাগের কর্মীবৃন্দ, ছাত্রছাত্রীর অভিভাবক-অভিভাবিকাবৃন্দ, শিক্ষক-শিক্ষিকামণ্ডলী ও অ-শিক্ষক কর্মীবৃন্দের সক্ষমতা বৃদ্ধির জন্যে প্রয়োজনভিত্তিক সেমিনার ও প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৭। জাতীয় স্তরে ও বিশ্বব্যাপী প্রতিযোগিতায় ছাত্রছাত্রীরা যাতে সহজে ও আত্মবিশ্বাসের সঙ্গে মুখোমুখি হতে পারে তার জন্যে গুনগত শিক্ষার উপরে গুরুত্ব আরোপ করা।

৮। ছাত্রছাত্রীদের জন্যে আধুনিক শিক্ষা-বান্ধব পরিকাঠামো ও ছাত্রবৃত্তি (স্কলারশিপ) সহ সর্বোত্তম শিক্ষা-সম্পর্কিত সুবিধাসমূহ প্রদান করা।

৯। শিক্ষাদান ও শিক্ষার্জনের ক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করা।

১০। আধুনিক বিশ্বের উপযুক্ত, নৈতিকভাবে সমৃদ্ধ ও সামাজিকভাবে দায়বদ্ধ ব্যক্তিহিসাবে আমাদের ছাত্রছাত্রীদের মধ্যে পরিবর্তন আনতে ICT (Information and Communication Technology) সমৃদ্ধ 'কমপ্রিহেনসিভ টিচিং-লার্নিং টেকনিক'-এর দ্বারা সবথেকে ভালো অ্যাকাডেমিক প্ল্যাটফর্ম দেওয়া।

১১। ছাত্রছাত্রীদের পিতামাতার সঙ্গে একসঙ্গে কাজ করার জন্যে একটা বন্ধুত্বপূর্ণ, চিন্তাশীল ও উদ্দীপিত পরিবেশ প্রদান করা যাতে ছাত্রছাত্রীরা উৎসাহিত হয়ে তাদের ভিতরের যে সম্ভাবনা আছে তা সহজে পূর্ণ বিকাশ ঘটাতে পারে।

১২। ছাত্রছাত্রীদের পড়াশোনা ও উন্নত ভবিষ্যৎ গঠনের লক্ষ্যে 'কেরিয়ার কাউন্সেলিং' সহ 'কাউন্সেলিং ও মটিভেশোনাল সেশান'-এর ব্যবস্থা করা।

১৩। সামাজিকভাবে সংবেদনশীল নাগরিক তৈরি করা যাতে তারা জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের প্রতি দায়বদ্ধ হতে পারে।

১৪। ছাত্রছাত্রীদের মধ্যে নেতৃত্বের গুণাবলীর বিকাশ ঘটানো।

১৫। গরিব ও পিছিয়েপড়া সংখ্যালঘু সম্প্রদায়ের বিশেষত: মুসলিম সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের ক্ষমতায়নের মাধ্যমে আর্থসামাজিক অবস্থার উন্নতি সাধন করা।

১৬। আধুনিক যুগোপযোগী করে তোলার জন্য কম্পিউটার প্রশিক্ষণ ও ইংরাজীতে সাবলীলভাবে কথা বলার প্রশিক্ষণ দেওয়া।

১৭। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে সর্বোত্তম ফলাফলের ব্যবস্থা করা।

১৮। আলোচনাসভা, বিতর্ক সভা, শিক্ষামূলক ভ্রমণ, মার্শাল আর্ট, সাহিত্য চর্চা, খেলাধূলা, বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি, শিল্প কর্মশালা, আবৃত্তি কর্মশালা, পাবলিক স্পিকিং ওয়ার্কশপ, শিক্ষা-সহায়ক চলচ্চিত্র ও তথ্যচিত্র প্রদর্শণী, বিজ্ঞান মডেল প্রদর্শনী, সমাজসেবা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করতে উৎসাহিত করা।

১৯। উচ্চমাধ্যমিকের পর জয়েন্ট এন্ট্রান্সে মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং উভয় বিভাগে আবাসিক ও অনাবাসিক কোচিং-এর ব্যবস্থা করা।

২০। WBCS, UPSC সহ বিভিন্ন প্রশাসনিক ক্ষেত্রে অন্যান্য চাকুরির পরীক্ষার আবাসিক ও অনাবাসিক কোচিং-এর ব্যবস্থা করা।

# আমাদের পরিষেবা



প্রাচীর ঘেরা সবুজ, শান্ত, স্নিগ্ধ ও নির্মল পরিবেশ



বিশুদ্ধ পানীয় জলের প্রকল্প



কম্পিউটার প্রশিক্ষণ




অ্যাম্বুলেন্স পরিষেবা



পাঠাগার



করোনা আবহে ভার্চুয়াল ক্লাসের মাধ্যমে শিক্ষাদান



নামাজ ঘর



শরীর চর্চা ও খেলাধুলা



কেমেষ্ট্রি ল্যাব



বায়োলজি ল্যাব




# জাতিকে উপহার

**হাফেজ বিভাগ**
**দ্বীন শিক্ষা**(আবাসিক)
হেফজ বিভাগ ও দ্বীনিয়াত কোর্স

**J.S. INTERNATIONAL SCHOOL**
ENGLISH MIDUAM SCHOOL
CLASS : VI-VIII

**MASUM**
ইসলামিক শিষ্টাচারের সঙ্গে ইংরাজী মাধ্যমে সর্বাধুনিক শিক্ষা
নার্সারি থেকে স্ট্যান্ডার্ড ফাইভ পর্যন্ত

**RAHAT**
**NEET**এর জন্য সর্বভারতীয় মানের
কোচিং সেন্টার

**রহমতে আলম মিশন**
বালক বিভাগ (আবাসিক)
পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত

**রহমতে আলম মিশন**
বালিকা বিভাগ (আবাসিক)
পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত

**রহমতে আলম এডুকেশনাল**
**এন্ড ওয়েলফেয়ার ট্রাস্ট**

## এক নজরে মাধ্যমিক ফলাফল

| সাল | পরীক্ষার্থী | উত্তীর্ণ | প্রথম বিভাগ | স্টার | ৯০% | সর্বোচ্চ নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ১৫৫ | ১৫৫ | ১৫৪ | ১২৮ | ৪১ | ৬৬৭(৯৫.৩%) |
| ২০২৩ | ১৫৫ | ১৫৫ | ১৫০ | ১০৩ | ১৬ | ৬৬৯(৯৫.৬%) |

## এক নজরে উচ্চমাধ্যমিক ফলাফল

| সাল | পরীক্ষার্থী | উত্তীর্ণ | প্রথম বিভাগ | স্টার | ৯০% | সর্বোচ্চ নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ২১৪ | ২১৪ | ২১৪ | ২১৪ | ১৫২ | ৪৮০(৯৬%) |
| ২০২৩ | ২০৩ | ২০৩ | ২০২ | ১৫৫ | ১৬ | ৪৭১(৯৪.২%) |


RAHAT

200 জনেরও অধিক ছাত্রছাত্রী বিভিন্ন মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজে পাঠরত

সর্বভারতীয় মানের কোচিং সেন্টার

NEET উন্নত ও আধুনিক পরিকাঠামো, আবাসিক কোচিং,কোলকাতার স্বনামধন্য শিক্ষকমন্ডলী, আধুনিক লাইব্রেরী ও ল্যাবরেটরি এবং নিয়মিত মক টেষ্ট


## মিশন তারকাদের মধ্যে ক'য়েকজন



সামিরুল ইসলাম

আমি সামিরুল ইসলাম, রহমতে আলম মিশনের প্রাক্তন ছাত্র। ডব্লু.বি. সি.এস (এক্সি) এর পরীক্ষায় রাজ্যে ১৪তম র‍্যাঙ্ক করেছি। বর্তমানে দার্জিলিং জেলার সুখিয়া পোখরি ব্লকের বি.ডি.ও. হিসাবে কর্মরত। পিতা বিড়ি শ্রমিক হওয়ায় হয়ত এই চাকরিতে সুযোগ পাওয়া কোন দিন সম্ভব হতো না, যদি রহমতে আলম মিশন আমাকে সর্বোতভাবে সাহায্য না করতো। আমি রহমতে আলম মিশনের কাছে আন্তরিকভাবে কৃতজ্ঞ ও ঋণী।

-সামিরুল ইসলাম



মোছা. খাদিজাতুল কুবরা

আমি রহমতে আলম মিশনের বালিকা বিভাগ হতে প্রথম চিকিৎসক। মিশন থেকে উচ্চমাধ্যমিক সম্পূর্ণ করার পর জয়েন্ট এন্ট্রান্স কোচিং সেন্টার (RAHAT) থেকে কোচিং নিয়ে এম.বি.বি.এস. পড়ার সুযোগ পাই। তারপর মালদা মেডিকেল কলেজে এম.বি.বি.এস. সম্পূর্ণ করি। ভবিষ্যতে গাইনো নিয়ে এম.ডি.করতে চাই। জীবনে কঠোর পরিশ্রম করে পড়াশুনা করেছি কারণ বাবার আয়ের উৎস ছিল কেবলমাত্র ইমাম ভাতা। রহমতে অলম মিশনে প্রায় বিনা বেতনে পড়ার সুযোগ করে দেন মিশন প্রতিষ্ঠিতা সম্পাদক মরহুম আলহ্বাজ সিরাজুল ইসলাম সাহেব। আমি রহমতে আলম মিশনের কাছে চিরজীবন ঋনী হয়ে থাকবো।

-মোছা.খাদিজাতুল কুবরা



হামাদ মোল্লা

আমি রহমতে আলম মিশন থেকে নামমাত্র খরচে উচ্চমাধ্যমিক পাশ করার পর রাহাত (RAHAT) জয়েন্ট এন্ট্রান্স কোচিং সেন্টার থেকে কোচিং নিয়ে প্রথম বছরেই এম.বি.বি.এস পড়ার সুযোগ পাই। তারপর বর্ধমান মেডিকেল কলেজ থেকে এম.বি.বি.এস সম্পূর্ণ করি। বর্তমানে এখন NEET(PG)/MD করার জন্য ১৩০৩১ (AIR) র‍্যাঙ্ক করেছি। আমার মতো একজন প্রত্যন্ত গ্রামের ফেরিওয়ালার ছেলেকে যথাযোগ্য সাহায্য করেছে রহমতে আলম মিশন। আমি ভবিষ্যতে গরিবদের সেবা করতে চাই এবং রহমতে আলম মিশনের পাশে আন্তরিক ভাবে দাঁড়াতে চাই।

-হামাদ মোল্লা



সেলিম জাহাঙ্গীর

আমি সেলিম জাহাঙ্গীর মালদা জেলার বৈষ্ণবনগর থানার অর্ন্তগত পারবৈদ্যনাথপুর গ্রামের ছেলে। আমার বাবা আজিজুর রহমান একজন প্রান্তিক কৃষক। ২০১০ সালে উচ্চমাধ্যমিকে রহমতে আলম মিশনের বিজ্ঞান বিভাগে সাফল্যের সাথে উত্তীর্ণ হয়ে ২০১৩ সালে গণিতে স্নাতক হই এবং তারপর থেকে W.B.C.S অফিসার হওয়ার স্বপ্ন দেখা শুরু। দেশ ও জাতিকে সেবা করার ব্রত নিয়ে আমার এই প্রচেষ্টায় সর্বদা পাশে থেকেছে রহমতে আলম মিশনের সম্পাদক আনিসুর রহমান এবং মিশন পরিবার। বর্তমানে আমি জয়েন্ট B.D.O হয়ে কাজ করছি এবং ভবিষ্যতে B.D.O হয়ে দেশ ও জাতির সেবা করতে চাই।

-সেলিম জাহাঙ্গীর



রাজ্যের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার দপ্তরের মন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরীর সঙ্গে একান্ত আলাপচারিতায় মিশন সম্পাদক আনিসুর রহমান ।



বিশ্বশান্তি ও অহিংসা দিবসের বার্তা দিতে মিশনে উপস্থিত বিশিষ্ঠ গুনিজনেরা.............



বিশিষ্ঠ শিল্পপতি আলিফ নুর এবং মিশন সম্পাদক অনিসুর রহমানকে মিশন ছাত্রের আঁকা মিশনের প্রতিষ্ঠিতা সম্পাদক আলহাজ্ব মরহুম সিরাজুল ইসলামের ছবি উপহার হিসাবে তুলে দিচ্ছে।



মিশনের ছাত্রছাত্রীদের জন্যে আয়োজিত বিশেষ মটিভেশোনাল সেশানে বিখ্যাত শিক্ষা-গবেষণা সংস্থা এম.এফ.ই.আর.ডি.-এর প্রতিনিধি বিশিষ্ট শিক্ষাবিদ ড. সৈয়দ বুরহান সাহেবকে সংবর্ধনা



সেমিনার হলে ছাত্রদের নিয়ে ক্লাস চলছে।



ছাত্র-ছাত্রীদের ডিজিটাল বোর্ডের মাধ্যমে পাঠদান করা হচ্ছে।



রাজ্যসভার সাংসদ আহমেদ হাসান ইমরান মহাশয়কে শিক্ষা দরদী পুরস্কার প্রদান করছেন রহমতে আলম মিশনের সম্পাদক আনিসুর রহমান সহ ম্যানেজিং কমিটির সদস্য বৃন্দ।















রহমতে আলম মিশনের
বর্তমান পরিকাঠামো

# রহমতে আলম মিশন

পরিচালনায়ঃ

**রহমতে আলম এডুকেশনাল এন্ড ওয়েলফেয়ার ট্রাস্ট**

বেড়াচাঁপা (কাউকেপাড়া), পোঃ-দেবালয়, থানা- দেগঙ্গা, উত্তর ২৪ পরগণা,পিন-৭৪৩৪২৪

9732686410/ 9733815967

Email: rahmatealam@gmail.com, Website: www.rahmat-e-alam.org